# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ কিতাবুল হজ্জ

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৫০৭) উমরায় মাথা মুণ্ডন বা চুল ছোট করার বিধান কী? এ দু’টির মধ্যে কোনটি উত্তম?

উত্তর: উমরায় মাথা মুণ্ডন বা চুল ছোট করা ওয়াজিব। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিদায় হজে মক্কায় আগমন করে তাওয়াফ ও সা‘ঈ করার পর যারা কুরবানী সাথে নিয়ে আসে নি তাদেরকে নির্দেশ দিলেন, তারা যেন মাথার চুল ছোট করে হালাল হয়ে যায়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এ আদেশ ওয়াজিবের অর্থ বহন করে। অতএব, চুল ছোট করা আবশ্যক। তাছাড়া নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ৬ষ্ঠ হিজরীতে উমরা করার জন্য গমন করলে হুদায়বিয়া নামক স্থানে কাফিরদের দ্বারা বাধাপ্রাপ্ত হন, তখন তিনি সাহাবীগণকে সেখানেই মাথা মুণ্ডন করার নির্দেশ প্রদান করেন। তারা নির্দেশ পালনে দ্বিধায় ভোগলে তিনি তাদের প্রতি রাগান্বিত হন। আর মাথার চুল ছোট করার চাইতে মাথা মুণ্ডন করা উত্তম।[1] তবে তামাত্তু‘কারী যদি শেষ সময়ে মক্কায় পৌঁছে, তবে উমরা করার পর চুল ছোট করাই ভালো, যাতে করে হজের সময় মুণ্ডন করার জন্য মাথায় চুল পাওয়া যায়।

## ফুটনোট

[1] কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাথা মুণ্ডনকারীদের জন্য তিনবার দো‘আ করেছেন এবং চুল ছোটকারীদের জন্য একবার দো‘আ করেছেন; সহীহ বুখারী, অধ্যায়: হজ, হাদীস নং ১৬১৩; সহীহ মুসলিম, অধ্যায়: হজ, হাদীস নং ২২৯৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1181

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন